# Translation

## Lecture-1

### Bangla-English

# Translation: Bangla to English

Translation is an important part of the written part of the recruitment exam of Bangladesh Bank and other government banks. There are two types of translation:

**1. from Bangla to English**
**2. from English to Bangla**

The examinees can be asked to translate an entire paragraph and sometimes they need to translate separate sentences. To translate accurately it is very important to have proper knowledge of English and Bengali grammar. Besides, students should build up their vocabulary to answer correctly and accurately. Students can do well in this part of the exam by practicing more and increasing their reading habit.

In this lecture sheet we will practice both passage translation and sentence translation from Bangla to English.

To translate a sentence from Bangla to English, students should follow the following steps.

**Step 1:** Identify the subject of the sentence
**Step 2:** Identify the verb of the sentence
**Step 3:** Determine the tense of the verb
**Step 4:** Understand whether to translate in active voice or passage voice

# Sentence Translation

**Solved lessons:**

| | বাংলা | Subject (S) & Verb (V) | English |
|---|---|---|---|
| ১ | উত্তরাঞ্চলের একটি ছোট শহরের এক ক্রেতা রাত দশটার দিকে পাড়ার দোকানের উদ্দেশ্যে একটি স্বল্প মূল্যের সাধারণ পণ্য কিনতে বের হলেন। | S=এক ক্রেতা= A customer<br>V=বের হলেন= went out | A customer living in a small town of Northern zone went out for a local shop at around 10 p.m. to buy a low-cost common product. |
| ২ | তিনি ভাবছিলেন দোকানগুলো বোধহয় বন্ধ হয়ে গেছে। | S=তিনি= He<br>V=ভাবছিলেন= was thinking | He was thinking that the shops had actually been closed. |
| ৩ | সাধারণত দোকানগুলো এ সময় বন্ধ হয়ে যায়। | S=দোকানগুলো= the shops<br>V=বন্ধ হয়ে যায়= get closed | Normally the shops get closed by this time. |
| ৪ | তিনি দেখলেন আসলেও বন্ধ হয়ে গেছে। | S=তিনি= He<br>V=দেখলেন= found | He found the shops closed as he anticipated. |
| ৫ | হঠাৎ তিনি দেখলেন এক দোকানদার দোকান বন্ধ করে রিকশায় উঠেছেন মাত্র। | S=তিনি=He<br>V=উঠেছেন= got into | Suddenly he saw a shopkeeper just got into a rickshaw after closing his shop. |
| ৬ | ক্রেতা দোকানদারকে অনুরোধ করলেন পণ্যটি দেওয়া যায় কিনা। | S=ক্রেতা= The customer<br>V=অনুরোধ করলেন= asked | The customer asked him whether the product could be provided. |
| ৭ | দোকানদার রিক্সা থেকে নেমে দোকান খুলে শুধু মাত্র পাঁচ টাকার পণ্য বিক্রয় করলেন। | S=দোকানদার= the shopkeeper<br>V=বিক্রয় করলেন= sold | Getting off the rickshaw the shopkeeper opened the shop and sold a product costing only five takas. |

| | বাংলা | Subject (S) & Verb (V) | English |
|---|---|---|---|
| ৮ | কেন? এটা কি শুধু মানবিক আচরণ নাকি দীর্ঘকালীন ব্যবসায়ীক আচরণের সাথে সম্পর্কিত? | S=এটা= this<br>V= Is | Why? Is this only a human behavior or is it related to a long-term commercial dealing? |
| ৯ | ওই দোকানদার আসলে দোকানের মালিক এবং তিনি তার আচরণ বাণিজ্যিক স্বার্থের সাথে সম্পৃক্ত করতে পেরেছেন যা তার নিজের স্বার্থের থেকে আলাদা নয়। | S=তিনি= he<br>V=করতে পেরেছেন= has been able | Actually, that very shopkeeper is the owner of the shop and he has been able to connect his behavior with commercial interest which is not separated from his own interests. |
| ১০ | গত দুই দশকে বিশ্বজুড়ে তথ্যপ্রযুক্তিকে ঘটেছে অভাবনীয় পরিবর্তন ও সাফল্য। | V=ঘটেছে= have taken place | In the last two decades all over the world all amazing changes in successes have taken place in the information technology. |
| ১১ | তথ্যপ্রযুক্তি সময় ও দূরত্ব কে জয় করেছে। | S= তথ্যপ্রযুক্তি= Information Technology<br>V=জয় করেছে= has conquered | Information Technology has conquered time and distance. |
| ১২ | বাংলাদেশও তথ্যপ্রযুক্তির স্পর্শে জেগে উঠেছে। | S=বাংলাদেশও= Bangladesh<br>V=জেগে উঠেছে= has awakened | Bangladesh has also awakened with the touch of IT. |
| ১৩ | দেশে সম্প্রতি তথ্যপ্রযুক্তির উল্লেখযোগ্য বিকাশ ঘটেছে। | V=বিকাশ ঘটেছে= development occurred | Lately there is a notable development of IT occurred in the country. |
| ১৪ | বাংলাদেশ টেলিযোগাযোগসহ কৃষি, শিক্ষা, স্বাস্থ্য, আমদানি-রপ্তানি, সরকারি-বেসরকারি সহ অনেক কর্মকাণ্ড নিয়ন্ত্রিত হচ্ছে অটোমেটেড ডিজিটাল পদ্ধতিতে। | S=বাংলাদেশ<br>V=নিয়ন্ত্রিত হচ্ছে= are being controlled | In Bangladesh along with telecommunication, agriculture, education, import-export and many public-private activities are being controlled with automated digital system. |
| ১৫ | ইতিমধ্যেই চট্টগ্রাম বন্দরে চালু হয়েছে অটমেশন। | V=চালু হয়েছে= has been put in operation | Meanwhile automation has been put in operation in Chattagram Port. |

| | বাংলা | Subject (S) & Verb (V) | English |
|---|---|---|---|
| ১৬ | অনলাইন শেয়ারবাজার ও ব্যাংকিং কর্মকাণ্ড সহ বিশ্ববিদ্যালয়গুলোতে ভর্তির জন্য আবেদনপত্র সংগ্রহ ও জমা দেওয়ার পাশাপাশি ওয়েবসাইটে পাওয়া যাচ্ছে পরীক্ষার ফল। | V=পাওয়া যাচ্ছে= are being published | Including online share market and banking activities, collecting and submitting application form for the admission in universities and examination results are being published in the websites. |
| ১৭ | ফলে অপারেটর, প্রোগ্রামার, হার্ডওয়ার সফটওয়্যার ইঞ্জিনিয়ার পদে বহু লোকের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হচ্ছে। | V=সৃষ্টি হচ্ছে= have been created | As a result operator, programmer, hardware and software engineer posts' employment opportunities have been created for many people. |
| ১৮ | প্রায় সাড়ে ১৫ ঘণ্টা উড়ে 'অচিন পাখি' (নতুন ড্রিমলাইনার) ২৪ ডিসেম্বর রাত ৮টা ১৯ মিনিটে ঢাকা শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছায়। | S='অচিন পাখি= Achin Pakhi V=পৌঁছায়= reached | 'Achin Pakhi' (new dreamliner) reached at Shahjalal International Airport on 24th December at 8:19 p.m. after flying nearly 15 hours. |
| ১৯ | ঢাকায় অবতরণের পর বিমানবন্দরে অচিন পাখি কে ওয়াটার গানে স্যালুট জানানো হয়। | S='অচিন পাখি= Achin Pakhi V=received | 'Achin Pakhi' received a water cannon salute after landing in Dhaka. |
| ২০ | অত্যাধুনিক এই উড়োজাহাজটি তে মোট ২৯৮ টি আসন রয়েছে যার মধ্যে ৩০ টি বিজনেস ক্লাস ২১টি প্রিমিয়াম ইকোনমিক শ্রেণি ও ২৪৭ টি ইকোনমিক শ্রেণীর আসন। | S=এই উড়োজাহাজটি = latest aircraft V=রয়েছে= boards | This latest aircraft boards 298 seats, including 30 business class, 21 premium economic class and 247 economic class seats. |
| ২১ | ২০১৯ সালের সেপ্টেম্বরে বিমান বহরে বোয়িং ৭৮৭-৮ সিরিজের চতুর্থ ড্রিমলাইনার 'রাজহংস' উদ্বোধনের সময় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ওই বছরই ৭৮৭-৯ সিরিজের নতুন দুটি ড্রিমলাইনার কেনার ঘোষণা দিয়েছিলেন। | S=প্রধানমন্ত্রী শেখ হাসিনা= Prime Minister Sheikh Hasina V=ঘোষণা দিয়েছিলেন= had announced | During the inauguration of fourth Dreamliner of Boeing 787-8 series 'Rajhangsa' on September 2019 in the Biman fleet Prime Minister Sheikh Hasina in that year had announced to purchase to new dreamliner of 787-9 series. |
| ২২ | তিনি এ দুটো উড়োজাহাজ এর নাম দেন সোনার তরী ও অচিন পাখি। | S=তিনি=She V=নাম দেন= named | She named those to aircrafts 'Sonar Tori' and 'Achin Pakhi'. |

| | বাংলা | Subject (S) & Verb (V) | English |
|---|---|---|---|
| ২৩ | এর মধ্যে সোনার তরী এসে পৌঁছায় গত ২১ এ ডিসেম্বর বিকেলে। | S=সোনার তরী= Sonar Tori<br>V=এসে পৌঁছায়= arrived | By this time Sonar Tori arrived in the country in the afternoon of last 21st December. |
| ২৪ | আর দ্বিতীয় ড্রিমলাইনার টি বিমান বুঝে পেল ২৪ ডিসেম্বর। | S=বিমান= Biman<br>V=বুঝে পেল= | Biman received the second dreamliner on 24th December. |
| ২৫ | পুরনো উড়োজাহাজ গুলোর তুলনায় এই ড্রিমলাইনারের জ্বালানি খরচ ও কার্বন নিঃসরণ ২৫% কম হবে। | | In this dreamliner fuel cost and carbon emission will be 25% less in comparison to the old aircrafts. |

**Class work:**

Identify subject and verb of the following sentences and translate the sentences into English:

| | বাংলা | Subject (S) & Verb (V) | English |
|---|---|---|---|
| ১ | বাংলাদেশের মেয়েরা এবছর সাফ ফুটবলে চ্যাম্পিয়ন হয়েছে। | | |
| ২ | আমার মনে হয় লোকটি বিকারগ্রস্ত। | | |
| ৩ | আমি জানি তাকে একদিন এজন্য চরম মূল্য দিতে হবে। | | |
| ৪ | তোমার সঙ্গে কথা বলে ভালো লাগলো। | | |
| ৫ | দুঃখিত আমার কাছে ভাংতি নেই। | | |
| ৬ | বর্তমান সময়ের জনপ্রিয় সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুক। | | |
| ৭ | দিন দিন এর জনপ্রিয়তা বেড়েই চলছে। | | |
| ৮ | স্মার্টফোনের সহজলভ্যতা এর অন্যতম কারণ। | | |
| ৯ | আর এখন অনেকের কাছে স্মার্টফোনে মানেই ইন্টারনেট ও ফেসবুক। | | |
| ১০ | মার্ক জুকারবার্গ ও তার তিন বন্ধু মিলে ২০০৪ সালে নির্মাণ করেছিলেন ফেসবুক। | | |
| ১১ | প্রথমে তা কেবল হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীর মধ্যে সীমাবদ্ধ ছিল। | | |
| ১২ | কিন্তু পরে এর জনপ্রিয়তার কারণে এটি সকলের কাছে উন্মুক্ত করা হয়। | | |
| ১৩ | তুমি কি বইটি পড়ে শেষ করেছ? | | |

| | বাংলা | Subject (S) & Verb (V) | English |
|---|---|---|---|
| ১৪ | সেই কথায় রেগে উঠলো। | | |
| ১৫ | লোকটি আসলেই খুব বিশ্বস্ত। | | |
| ১৬ | আমার বিশ্বাস সে এ পরিস্থিতি সামাল দিতে পারবে। | | |
| ১৭ | আমি যদি একটি ভাল চাকরি পেতাম। | | |
| ১৮ | ধন ও মান চিরদিনের জন্য নয়। | | |
| ১৯ | সময়ের এক ফোঁড় অসময়ের দশ ফোঁড়। | | |
| ২০ | আমরা সমাজ জীবনের প্রতিটি ক্ষেত্রে অসহিষ্ণুতার সংস্কৃতি থেকে বেরিয়ে আসতে চাই। | | |

## **Home work:**

১। দেশের কৃষির বিকাশে প্রতিভাবান শিক্ষিত তরুণদের অংশগ্রহণ পয়মন্ত ভূমিকা পালন করবে।
২। ব্যাংকিং খাতে অর্থসংকটে পড়ার অন্যতম কারণ খেলাপি ঋণের ব্যাপকতা।
৩। জনসংখ্যা সমস্যা আমাদের দেশের একটি বড় সমস্যা।
৪। আমাদের জনসংখ্যা বেড়েই চলেছে।
৫। দেশের লোকের স্বাস্থ্য তেমন ভালো নয়।
৬। তাদের অনেকেই অপুষ্টিতে ভুগছে।
৭। যে পরিমাণ খাদ্য তাদের প্রয়োজন তা তারা পায় না।
৮। আমরা পর্যাপ্ত পরিমাণ খাদ্য উৎপাদন করতে পারিনা।
৯। অধিক খাদ্য উৎপাদন করে চাহিদা পূরণ করা সম্ভব।
১০। সেজন্য আমাদের প্রচুর পরিশ্রম করতে হবে।
১১। আমাদের খাদ্য সমস্যা সমাধানের জন্য বৈজ্ঞানিক পদ্ধতিতে চাষ করতে হবে।
১২। মানবাধিকার হচ্ছে সেইসব অধিকার যা জাতীয়তা লিঙ্গ বড় ধর্ম ভাষা অথবা অন্য যে কোন অবস্থা নির্বিশেষে মানুষের নিকট অন্তর্নিহিত।
১৩।মানবাধিকার বলতে কিছু নৈতিক নিয়ম যা মানব আচরণের নির্দিষ্ট কিছু মানদন্ড কে বুঝায়।
১৪। আন্তর্জাতিক আইনে মানবাধিকারকে আইনগত অধিকার হিসেবে রক্ষা করা হয়।
১৫। এই পৃথিবীতে প্রতিটি মানুষের অন্ন বস্ত্র বাসস্থান শিক্ষা এবং স্বাস্থ্য সেবা পাবার অধিকার রয়েছে।
১৬। অধিকারগুলোকে মৌলিক অধিকার হিসেবে গণ্য করা হয়।
১৭। আমাদের দেশের বহু মানুষ মৌলিক অধিকারসমূহ থেকে বঞ্চিত।
১৮। আমাদের দরিদ্র শিশুর খাদ্য স্বাস্থ্যসেবা ও শিক্ষা থেকে বঞ্চিত।
১৯। অনেক পথশিশু রয়েছে যারা আশ্রয়হীন।
২০। এইসব ছোট ছোট বাচ্চাদেরকে বেঁচে থাকার জন্য অর্থ উপার্জন করতে হয়। এই ধরনের পরিস্থিতি শিশুশ্রম বৃদ্ধি করে।

# Passage Translation

১

**Solved lesson:**

**বাংলা:**

মাতৃভাষা মানুষের সবচেয়ে প্রিয় এবং তার মনোভাব প্রকাশের জন্য সবচেয়ে বেশি উপযোগী। অন্য ভাষায় মনোভাব প্রকাশ করে পরিপূর্ণ আনন্দ পাওয়া যায় না। পৃথিবীতে মনের ভাব প্রকাশ করার জন্য অসংখ্য ভাষার সৃষ্টি হয়েছে। প্রত্যেক জাতির মাতৃভাষার নিজস্ব একটা বৈশিষ্ট্য আছে এবং মাতৃভাষায় সঙ্গে এমন একটি আত্মিক সম্পর্ক থাকে যে সেই ভাষায় তারা মনোভাব প্রকাশ এর সর্বোত্তম বাহন হিসেবে বিবেচিত হয়।বিদেশী ভাষা কষ্টে আয়ত্ত করা গেলেও তার মর্ম যথার্থ উপলব্ধি করা যায় না এবং তাতে মনের ভাব প্রকাশের যথেষ্ট অন্তরায় থাকে। তাই পৃথিবীতে অসংখ্য ভাষার মধ্যে মাতৃভাষাই সবচেয়ে আপন এবং মনোভাব প্রকাশ এর শ্রেষ্ঠ পন্থা। বাঙ্গালীদের কাছে বাংলা ভাষাই মনের ভাব প্রকাশের শ্রেষ্ঠ মাধ্যম। কারণ এটি বাঙালির মাতৃভাষা। বাঙালির রক্তে মাংসে মজ্জায় বাংলা ভাষা মিশে আছে। বাঙালির ভাষা চর্চা করে বটে ,কিন্তু বাংলাতেই তার যত স্বাচ্ছন্দ।

**English:**

Mother tongue is the most favorite language and the most appropriate way to express feelings. One doesn't get complete pleasure to express feelings using other languages. Numerous languages have been created for expressing feelings. Every Nation has its own form and has a soul relation with language that is the only language is considered as the best way to express one’s feelings. Foreign languages can hardly be learnt but it is not possible to judge the value of appropriateness and there remains obstacles to express feelings. That is why among the various languages the mother language is the own language and the best way to express feelings only. Bengali language is the best medium to express feelings for the Bengalis. Because it is the mother tongue of Bengalis. Bangla language lies on the heart of the Bengalis. Bengalis may know other languages but they like to speak in Bangla.

২

**বাংলা:**

কঠোর রাজস্বনীতির প্রাধান্যের প্রতি দেশের কেন্দ্রীয় ব্যাংকের যথাযথ তদারকি দেশের কিছু নির্দিষ্ট অবস্থার উপর নির্ভর করে, কিন্তু সকল ক্ষেত্রেই রাজস্বনীতির নিয়ন্ত্রণের ব্যাপারে তাদের সর্বদা একটি শক্তিশালী ভূমিকা থাকবে। যেমন সরকারি ঋণ নিয়ন্ত্রণে স্থিরতা আনায়ন এবং সরকারি খরচ বৃদ্ধির সাথে সাথে কর ভিত্তির বৃদ্ধি বাড়াতে হয় যাতে রাজস্বনীতির চাপ প্রয়োগ করে সার্বভৌম ঋণ সীমা বেড়ে না যায়। কেন্দ্রীয় ব্যাংককেও প্রকৃত সুদের হার এমনভাবে নির্ধারণ করতে হবে যাতে সরকারি ও বেসরকারি পর্যায়ে ঋণ নেয়ার হিড়িক না পড়ে যায়। এটা করার জন্য মাঝে মাঝে বহির্বিশ্বের অসঙ্গত সস্তা মূলধন দেশে আসার ক্ষেত্রে কর আরোপ করা যেতে পারে। বেসরকারি মুনাফাভিত্তিক বাজার কাঠামোর অর্থনীতি এই ঐতিহ্যগত ভূমিকার পাশাপাশি সামাজিক ব্যবসায় এর অগ্রসরতার দিকে ধাবিত হওয়া উচিত যা ঋণ গ্রহনের বাতিক ও দীর্ঘ সময়ে প্রকৃত ও দীর্ঘস্থায়ী মুনাফা অর্জনের বদৌলতে স্বল্প সময়ে মুনাফা অর্জনের মানসিকতাকে নিয়ন্ত্রণ করে অর্থনীতিকে শক্তিশালী করবে।

**English:**

Appropriate Central Bank response to persistent physical dominance will vary according to specific country situation, but in all cases, they need to be unrelenting in strong advocacy for fiscal restraint; insisting on stabilization of public debt and growth of tax basis in tandem with expansion of public expenditure, so as not to let sovereign borrowing level strain financial stability. Also, central banks should maintain real interest rates as such levels to dissuade borrowing binge by public and private sectors. To this end, imposition of levies on inflows of unduly cheap external capital inflows may also be needed occasionally. Beside these steps in terms of traditional role in the private profit driven market economy framework, promotion of pursuit of socially responsible business ethos would help consolidate stability by curbing debt addiction and short-term speculative profit seeking at the expense of long-term sustainability in the real and financial sectors.

**Classwork:**

**৩**

একটি দুর্বল সংগঠনের তুলনায় একটি উদীয়মান সংগঠনের লোকদের প্রণোদিত করা সহজ। যখন কোন সংগঠনের আকার বাড়তে থাকে, কর্মী নিয়োগ বাড়ে, পদন্নতির সুবিধা থাকে, বেতন বাড়ে এবং গতিশীল কোন সংগঠনের সাথে যুক্ত হবার উত্তেজনা থাকে তখন এক ধরনের আশা তৈরি হয়। কর্মীদের প্রলুব্ধ করতে ও উৎসাহ দিতে ব্যবস্থাপনা প্রবৃদ্ধি কে ব্যবহার করে। যখন কোন সংগঠন সংকুচিত হয়ে যায়, তখন সবচেয়ে ভালো ও ভ্রাম্যমাণ কর্মীদের কাজ ছেড়ে দেয়ার প্রবণতা থাকে। দুর্ভাগ্যবশত তারাই সেই কর্মী যাদেরকে উচ্চ দক্ষ কর্মীদের তুলনায় সংগঠন ত্যাগ করতে খুব কম চেষ্টা করে। অল্প কিছু কর্মী থাকে কারণ তাদের চাকরির সুযোগ সীমিত। অধিকন্তু এ সময় মনোবলও ভেঙ্গে যায় ।তাদের ভাবনায় তখন ছাঁটাই চিন্তা থাকে। এ সময় উৎপাদন ক্ষতিগ্রস্ত হয় কেননা এ সময় কর্মীরা নানা ধরনের গুজব নিয়ে সময় নষ্ট করে, তাদের প্রকৃত কাজ না করে।

**Homework:**

**৪**

বিশ্ব ব্যাংকের একটি প্রতিবেদন অনুযায়ী, বাংলাদেশের নগর অঞ্চলগুলোতে বার্ষিক মাথাপিছু প্লাস্টিকের ব্যবহার ২০০৫ সালে ৩ কেজি ছিল। কিন্তু ২০২০ সালে সে পরিমাণ ৩ গুণ বেড়ে ৯ কেজি হয়েছে।

ঢাকা শহরে এই পরিমাণ ২২ কেজি ৫০০ গ্রাম, যা জাতীয় গড়ের চেয়ে উল্লেখযোগ্য পরিমাণে বেশি। ২০০৫ সালে ঢাকায় মাথাপিছু প্লাস্টিকের ব্যবহার ছিল ৯ কেজি ২০০ গ্রাম।

আজ সোমবার ঢাকায় এক অনুষ্ঠানে 'টুয়ার্ডস এ মাল্টিসেক্টরাল অ্যাকশন প্ল্যান ফর সাসটেইনেবল প্লাস্টিক ম্যানেজমেন্ট ইন বাংলাদেশ' নামক প্রতিবেদনটি উপস্থাপন করা হয়।

বিশ্ব ব্যাংকের পরিবেশ বিশেষজ্ঞ বুশরা নিশাত অনুষ্ঠান উপস্থাপনার সময় বলেন, 'ইউরোপের দেশগুলোতে গড় মাথাপিছু প্লাস্টিকের ব্যবহার ১০০ কেজিরও বেশি, যেটি বাংলাদেশের চেয়ে অনেক বেশি। তবে বাংলাদেশ প্লাস্টিক দূষণের শিকার হওয়া দেশগুলোর তালিকার সবচেয়ে ওপরে থাকা দেশগুলোর অন্যতম এবং প্লাস্টিক বর্জ্যের অব্যবস্থাপনাই এর জন্য দায়ী।'

বিশ্ব ব্যাংকের ভারপ্রাপ্ত কান্ট্রি ডিরেক্টর দানদান চেন তার উদ্বোধনী বক্তৃতায় বলেন, 'দ্রুত প্রবৃদ্ধি ও নগরায়ণের কারণে বাংলাদেশে প্লাস্টিকের ব্যবহার এবং দূষণ উভয়ই হঠাৎ বেড়ে গেছে। করোনাভাইরাস মহামারি প্লাস্টিক আবর্জনার অব্যবস্থাপনাকে আরও বাড়িয়েছে।'

প্রতিবেদনে আরও বলা হয়, ক্রমশ বাড়তে থাকা দূষণের হার কমিয়ে সবুজ প্রবৃদ্ধি নিশ্চিতের জন্য প্লাস্টিকের টেকসই ব্যবস্থাপনা বাংলাদেশের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।

**৫**

সেন্টমার্টিন দ্বীপ সংলগ্ন বঙ্গোপসাগরের ১ হাজার ৭৪৩ বর্গ কিমি এলাকাকে সামুদ্রিক সংরক্ষিত এলাকা হিসেবে ঘোষণা করেছে পরিবেশ মন্ত্রণালয়।

এ ঘোষণার ফলে এখন থেকে এ দ্বীপে অনিয়ন্ত্রিত জাহাজ ও মোটর বোট চলাচল করতে পারবে না। এছাড়া দ্বীপ সংলগ্ন এলাকায় অতিরিক্ত মাছ ধরা, সাগরে বর্জ্য ও ক্ষতিকর রাসায়নিক পদার্থ ফেলা, প্রবাল প্রাচীর ধ্বংস, জীববৈচিত্র্য নষ্ট করা যাবে না।

এর আগে সেন্টমার্টিন সংলগ্ন ৫৯০ হেক্টর এলাকাকে পরিবেশগতভাবে সংকটপূর্ণ এলাকা হিসেবে ঘোষণা করা হয়েছিল।

আজ বুধবার পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

বন্যপ্রাণী (সংরক্ষণ ও নিরাপত্তা) আইন ২০১২ অনুযায়ী এ ঘোষণা দেওয়া হয়েছে। এটি এখন পর্যন্ত দেশের বৃহত্তম সংরক্ষিত এলাকা এবং দ্বিতীয় সামুদ্রিক সংরক্ষিত এলাকা।